Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২১ ফেব্রুয়ারী ২০১১

বর্ণাঢ্য আয়োজনে ওয়াশিংটনে বাংলাদেশ একুশে পালিত

যথাযথ ভাব গাম্ভীর্যের মধ্য দিয়ে আজ ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের সকালে দূতাবাস প্রাঙ্গনে জাতীয় পতাকা অর্ধনমিত করার মধ্য দিয়ে দিনটির সূচনা করেন। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত বাণী পাঠ করা হয়। ৫২'র একুশে ফেব্রুয়ারী এবং ৭১'র মহান স্বাধীনতা যুদ্ধে যেসব বীর সন্তান আত্মাহুতি দিয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালনশেষে তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত এবং দেশ ও জাতির উন্নতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

এ উপলক্ষে পবিত্র কোরআন, গীতা, বাইবেল ও ত্রিপিটক পাঠ করা হয়। রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর বক্তব্যে ভাষা আন্দোলনে আত্মোৎসর্গকারী শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে মহান একুশের আদর্শে উদ্বুদ্ধ হয়ে একটি সুখী সমৃদ্ধ গর্বিত বাংলাদেশ গড়ে তোলার জন্য সবাইকে একযোগে কাজ করার আহ্বান জানান।

এর আগে সাপ্তাহিক ছুটির দিন রবিবার ২০ ফেব্রুয়ারী বিকেলে বঙ্গবন্ধু অডিটরিয়ামে হল উপচে পড়া দর্শকের উপস্থিতিতে এক আলোচনা সভায় বক্তারা ৫২'র শহীদদের আত্মত্যাগের কথা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। দিবসটির আন্তর্জাতিক প্রেক্ষাপট উল্লেখ করে বক্তারা বলেন যে, ইউনেস্কো কর্তৃক এ দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা ভাষার জন্য বাঙালীর আত্মত্যাগের স্বীকৃতি। তাঁরা বিলুপ্তপ্রায় ভাষা সংরক্ষণ, প্রবাসে নতুন প্রজন্মের বাঙালীদের বাংলা ভাষা শিক্ষাসহ ভাষা দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের নানা দিক তুলে ধরেন। কাউন্সিল অব আমেরিকান ওভারসীজ রিসার্স সেন্টারের ক্রিটিক্যাল ল্যাংগুয়েজ বিষয়ক পরিচালক মিজ্ জুলিয়া ফেলান সিলা, বাংলা ভাষা শিক্ষা কর্মসূচীর ছাত্রী জর্জ ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মিজ্ কোরিন হুগাকার এবং জনস্ হপকিন্স বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মসূচীর সমন্বয়কারী ডঃ নকিবউদ্দিন নির্ধারিত আলোচক হিসেবে বক্তব্য রাখেন।

রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর স্বাগত বক্তব্যে একুশের ভাষা শহীদদের সুমহান ত্যাগের কথা উল্লেখ করে বলেন যে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এখন বিশ্ব সম্প্রদায়ের জন্য ভাষা উৎসবে পরিণত হয়েছে। এ প্রসংগে তিনি ভাষা আন্দোলনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদানের কথাও শ্রদ্ধাভরে স্মরণ করেন। বিশ্বের সকল ভাষার ইতিহাস ও ঐতিহ্য সংরক্ষণ এবং গবেষণার জন্য বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঢাকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠার কথাও তিনি উল্লেখ করেন। বাংলাদেশের রাষ্ট্রদূত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন গণতান্ত্রিক সরকার গৃহিত বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী বাস্তবায়নে প্রবাসী বাংলাদেশীসহ সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। আলোচনা শেষে আয়োজিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে বাংলাদেশ, চীন, ভারত, প্যারাগুয়ে, রাশিয়া, কলাম্বিয়া, শ্রীলংকা এবং নেপালের শিল্পীরা অংশ নেন। বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা ও তাঁদের পরিবারের সদস্যরাও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন।

ওয়াশিংটনস্থ কূটনৈতিক মিশনের সদস্যবৃন্দ, সামাজিক ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানের প্রতিনিধি ও বিভিন্ন ভাষাভাষী বিপুল সংখ্যক বিদেশী অতিথি এবং প্রবাসী বাংলাদেশীরা দূতাবাস আয়োজিত এই বর্ণাঢ্য অনুষ্ঠানটি উপভোগ করেন। অনুষ্ঠানশেষে আমন্ত্রিত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবারে আপ্যায়িত করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

21 February,2011

Bangladesh Embassy Washington DC observes Martyrs' Day and International Mother Language Day

Bangladesh embassy in Washington DC today observed National Martyrs' Day and International Mother Language Day in a befitting manner. The day's program began in the morning with the hoisting of the national flag at half-mast on the premises of the Embassy. Bangladesh Ambassador to USA and State Minister Mr. Akramul Qader hoisted the national flag in presence of the officers, officials and employees of the Embassy. Messages of the Hon'ble President and the Hon'ble Prime Minister were read out on the occasion. One minute silence was also observed to pay respect to the martyrs of the Language movement and liberation war of Bangladesh.

A special prayer was offered for the eternal peace of the departed souls who had laid down their lives during the language movement in 1952 and Independence war in 1971, and also seeking divine blessings for the continued peace, progress and prosperity of the country. Holy Quran, Holy Geeta, Holy Bible and Holy Tripitaka were read out on the occasion.

Earlier on February 20, on the weekly holiday, to mark the occasion, a discussion meeting was organized on the significance of the language movement and International Mother Language Day at *Bangabandhu* auditorium of the Embassy. The speakers said that the UNESCO had recognized the sacrifice of the language martyrs by declaring 21 February as International Mother Language Day. Ms. Julia Phelan Sylla, Director of Critical Language Scholarship program, Ms Corinne Hoogakker, a Bangla language student, and Dr Mohammad Naqibuddin, Research Program Coordinator of Johns Hopkins University spoke as designated speakers.

Paying rich tribute to the language movement martyrs, Ambassador Qader said international mother language day has now become a day of celebration of the linguistic diversity around the world. In this context, he recalled the contribution of the Father of the Nation *Bangabandhu* Sheikh Mujibur Rahman in the historic language movement. He also mentioned about the establishment of International Mother Language Institute in Dhaka by the Prime Minister of Bangladesh. Ambassador Qader urged all concerned including the expatriate Bangladesh nationals to work together to implement various development programs of the present Government under Prime Minister Sheikh Hasina.

A colorful cultural program followed the discussion session. Performers from Bangladesh, China, India, Paraguay, Russian Federation, Colombia, Sri Lanka and Nepal participated in the program. Members of Bangladesh Embassy also took part. Diplomats, representatives of social and cultural organizations, a large number of foreign guests and expatriate Bangladesh nationals enjoyed the program. The guests were entertained with traditional Bangladeshi cuisine.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail pressministerwash@yahoo.com